"সমুদ্রে অনুসন্ধান, দেশের কল্যাণ"

"শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট
কক্সবাজার - ৪৭৩০।
www.bori.gov.bd, Phone: 02334462600

নং- ৩৯.০৮.০০০০.০০৯.১১.০০১.২২/৬২৫

তারিখঃ ০৮/০৯/২০২২খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, রামু, কক্সবাজার-এর রাজস্ব খাতের অধীনে নিম্নবর্ণিত অস্থায়ী পদসমূহে নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	প্রার্থীর বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	জিআইএস এনালিষ্ট গ্রেডঃ ১০ বেতনস্কেলঃ ১৬০০০-৩৮৬৪০/-	অনূর্ধ্ব ৩০ বৎসর।	১(এক) টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ভূতাত্ত্বিক বিজ্ঞান/ পরিসংখ্যান/ ভূগোল/ নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ জিআইএস মেপিং-এ অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।
২.	ডাটা এনালিষ্ট গ্রেডঃ ১০ বেতনস্কেলঃ ১৬০০০-৩৮৬৪০/-	অনূর্ধ্ব ৩০ বৎসর।	১(এক) টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/ সমাজ বিজ্ঞান/ ভূগোল/ গণিত/ নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রীসহ ডাটা প্রসেসিং ও কম্পিউটার পরিচালনায় অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।
৩.	সাব-এসিসটেন্ট ইঞ্জিনিয়ার গ্রেডঃ ১০ বেতনস্কেলঃ ১৬০০০-৩৮৬৪০/-	অনূর্ধ্ব ৩০ বৎসর।	১(এক) টি	কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে সিভিল/ইলেক্ট্রিক্যাল/ মেকানিক্যাল/নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিষয়ে ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।
৪.	নার্স গ্রেডঃ ১০ বেতনস্কেলঃ ১৬০০০-৩৮৬৪০/-	অনূর্ধ্ব ৩০ বৎসর।	১(এক) টি	কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি অথবা সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা কোর্স উত্তীর্ণ।
৫.	কম্পিউটার অপারেটর গ্রেডঃ ১৩ বেতনস্কেলঃ ১১০০০-২৬৫৯০/-	অনূর্ধ্ব ৩০ বৎসর।	৫(পাঁচ) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে;
৬.	রিসার্চ এ্যাসিসটেন্ট গ্রেডঃ ১৩ বেতনস্কেলঃ ১১০০০-২৬৫৯০/-	অনূর্ধ্ব ৩০ বৎসর।	৮(আট) টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন প্রথম বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমান বা প্রথম বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

শর্তাবলিঃ

১. প্রার্থীকে আবেদনপত্রের সঙ্গে "মহাপরিচালক, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, রামু, কক্সবাজার"-এর অনুকূলে ২০০/- (দুইশত) টাকার অফেরতযোগ্য যে কোন তফসিলি ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর নম্বর ও তারিখ এবং ইস্যুকৃত ব্যাংক ও শাখার নাম আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

২. মহাপরিচালক, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, কক্ষ নং-৩১২, প্রকৌশল ভবন, বিসিএসআইআর ক্যাম্পাস, ডঃ কুদরাত-ই-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫ বরাবর আগামী ১০ অক্টোবর, ২০২২ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৩. প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইয়ের পর শুধুমাত্র গ্রহনযোগ্য প্রার্থীদের প্রাথমিক নির্বাচনের লক্ষ্যে লিখিত পরীক্ষা গ্রহন করা হবে। পরবর্তীতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের যোগ্যতা যাচাইয়ের জন্য সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহন করা হবে।

৪. আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ০৪ (চার) কপি ৫×৫ সে.মি. সাইজের সত্যায়িত রঙিন ছবি জমা দিতে হবে।

৫. আবেদন ফরমে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যসমূহ প্রমাণের জন্য সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, অভিজ্ঞতা সনদ (যদি থাকে), জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধন সনদ, এবং অন্যান্য রেকর্ডপত্রের এক সেট সত্যায়িত কপি জমা দিতে হবে। সকল সার্টিফিকেট/রেকর্ডপত্রের ফটোকপি সরকারি প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নকারী কর্মকর্তার সীলে অবশ্যই নাম ও পদবি উল্লেখ থাকতে হবে।

৬. সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণের সময় আবেদনের সাথে দাখিলকৃত সকল সনদ ও রেকর্ডপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৭. খামের উপর প্রার্থীর নিজের নাম, ঠিকানাসহ আবেদনকৃত পদের নাম এবং নিজ জেলার নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে। প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত ৯.৫"×৪.৫" সাইজের ১টি ফেরত খাম ১০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকিটসহ আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।

৮. সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র পৌছাতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৯. নিয়োগ সংক্রান্ত সরকারি নিয়মাবলী এবং সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা অনুযায়ী কোটা সংক্রান্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১০. প্রার্থীদের বয়স ১০/১০/২০২২খ্রি. তারিখে নিয়োগ বিজ্ঞপ্তির নির্ধারিত কলামে উল্লেখিত বয়সসীমার মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর। প্রার্থীর বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটের লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য হবে। বয়স সংক্রান্ত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

১১. সরকারী বিধি-বিধান অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। আবেদনপত্রের সাথে কোটা সংক্রান্ত যথাযথ প্রমানক দাখিল করতে হবে।

১২. ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৩. কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রম/বিজ্ঞপ্তি সম্পূর্ণ অথবা আংশিক সংশোধন, গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন এবং এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪. নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের বর্তমান ঠিকানায় ডাকযোগে যথাসময়ে প্রবেশপত্র প্রেরণ করা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না। লিখিত ও মৌখিক পরীক্ষার সময়সূচী নোটিশ বোর্ডে এবং ইনস্টিটিউটের ওয়েবসাইটে (www.bori.gov.bd) প্রকাশ করা হবে।

১৫. নিয়োগকৃতদের বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, রামু, কক্সবাজার-এ নিয়োগ করা হবে।

১৬. কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৭. আগ্রহী প্রার্থীকে সরকার নির্ধারিত চাকুরীর আবেদন ফরম স্বহস্তে পূরণ পূর্বক আবেদন দাখিল করতে হবে। আবেদনের ফরমের নমুনা নোটিশ বোর্ড এবং ইনস্টিটিউটের ওয়েবসাইটে (www.bori.gov.bd) পাওয়া যাবে অথবা অফিস থেকে সরাসরি সংগ্রহ করা যাবে।

মহাপরিচালক
বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট